দৈনিক সংবাদ

তারিখ JUL 12 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

৫০

### গাজীপুর বিআইটি বন্ধ ঘোষণা

# বহিষ্কার ঠেকাতে ছাত্রলীগ ও ছাত্রদলের ঐক্য, ভাঙচুর

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ গাজীপুরস্থ বাংলাদেশ ইন্সটিটিউট অফ টেকনোলজি (বিআইটি), ঢাকার ৫ জন ছাত্রলীগ ও ২ জন ছাত্রদল নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে রোববার ছাত্রদল-ছাত্রলীগ যৌথভাবে ইন্সটিটিউটের একাডেমিক ভবনে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ১৫/১৬ রাউন্ড ফাঁকা রাবার বুলেট নিক্ষেপ করলে অন্তত ৭ জন ছাত্র আহত হয়। ইন্সটিটিউট কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইন্সটিটিউট বন্ধ ঘোষণা এবং রোববার সন্ধ্যা ৭টার মধ্যে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দিয়েছেন।

ইন্সটিটিউটের হলের সিট বরাদ্দকে কেন্দ্র করে নভেম্বরে ছাত্রদের মধ্যে সংঘর্ষের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ছাত্রলীগ ও ছাত্রদলের মোট ১০ জন ছাত্রনেতাকে জানুয়ারিতে কারণদর্শাও নোটিশ দেয়া হয়। ছাত্রনেতারা কারণ দর্শাও নোটিশের জবাব দেয়। ইন্সটিটিউট কর্তৃপক্ষ রোববার সকালে ছাত্রলীগের ৫ জন ও ছাত্রদলের ২ জন নেতাকে চলতি শিক্ষাবর্ষের জন্য বহিষ্কার এবং ৫শ' টাকা জরিমানা করে নোটিশ জারি করেন।

সকাল ১১টার দিকে দু দলেরই সমর্থকরা ইন্সটিটিউটের একাডেমিক ভবনে হামলা চালায়। বিক্ষুব্ধ ছাত্ররা ইন্সটিটিউটের পরিচালকের অফিসকক্ষসহ বিভাগীয় প্রধানদের অফিস কক্ষ তছনছ, টেলিফোন সেট বিনষ্ট, কক্ষের দরজা-জানালা ও আসবাবপত্রের ব্যাপক ভাঙচুর করে।